খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা-৯২০৮
B ইউনিট

স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির নিয়মাবলী
শিক্ষাবর্ষঃ ২০১৮-২০১৯

খুলনা বিশ্ববিদ্যালয়ে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে B ইউনিটের আওতাধীন কলা ও মানবিক স্কুল, সমাজ বিজ্ঞান স্কুল, আইন স্কুল, চারুকলা ইনস্টিটিউট এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর অধীন ১২টি ডিসিপ্লিনে ০৪ (চার) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিসংক্রান্ত তথ্যাবলী নিম্নরূপ:

১. আবেদনের যোগ্যতা ও আসন সংখ্যা:

স্কুল/ইনস্টিটিউট	আবেদনের যোগ্যতা (ন্যূনতম জিপিএ/জিপি)	ডিসিপ্লিন	সাধারণ আসন	সংরক্ষিত আসন *		মোট আসন
				মুক্তিযোদ্ধা কোটা	উপজাতি কোটা	
কলা ও মানবিক স্কুল	এসএসসি/সমমান ৪.০০ এইচএসসি/সমমান ৪.০০ ইংরেজি ডিসিপ্লিনে ভর্তিচ্ছুদের এইচএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৩.৫০ বাংলা ডিসিপ্লিনে ভর্তিচ্ছুদের এইচএসসি পরীক্ষায় বাংলা বিষয়ে ৩.৫০	ইংরেজি	৫৫	০১	০১	৫৭
		বাংলা	৫৫	০১	০১	৫৭
		ইতিহাস ও সভ্যতা	৩৮	০১	০১	৪০
সমাজ বিজ্ঞান স্কুল	এসএসসি/সমমান ৪.০০ এইচএসসি/সমমান ৪.০০ এইচএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৩.০০	অর্থনীতি	৪৩	০১	০১	৪৫
		সমাজবিজ্ঞান	৪৮	০১	০১	৫০
		ডিভেলপমেন্ট স্টাডিজ	৪৩	০১	০১	৪৫
		গণযোগাযোগ ও সাংবাদিকতা	৩৮	০১	০১	৪০
আইন স্কুল	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান ৯.০০ এইচএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৩.৫০	আইন	৩৮	০১	০১	৪০
চারুকলা ইনস্টিটিউট	এসএসসি/সমমান ৩.২৫ এইচএসসি/সমমান ৩.২৫	ড্রইং এন্ড পেইন্টিং	১৮	০১	০১	২০
		প্রিন্টমেকিং	১৮	০১	০১	২০
		ভাস্কর্য	১৮	০১	০১	২০
শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	এসএসসি/সমমান ৪.০০ এইচএসসি/সমমান ৪.০০ এইচএসসি পরীক্ষায় ইংরেজি বিষয়ে ৩.০০	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট	২৩	০১	০১	২৫
মোট			৪৩৫	১২	১২	৪৫৯

* বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) থেকে উত্তীর্ণ প্রার্থীর জন্য প্রতিটি স্কুল/ইনস্টিটিউট-এ ০১(এক) টি অতিরিক্ত আসন সংরক্ষিত থাকবে।

১.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

১.২ ২০১৭ অথবা ২০১৮ সালে উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবে।

১.৩ IGCSE/O Level এবং IAI/GCE A Level প্রার্থীর ক্ষেত্রে ২০১৩ থেকে ২০১৬ সাল পর্যন্ত IGCSE/O Level পরীক্ষায় অন্তত ০৫(পাঁচ) টি বিষয়ে এবং ২০১৭ ও ২০১৮ সালে উত্তীর্ণ IAI/GCE A Level পরীক্ষায় অন্তত ০২ (দুই) টি বিষয়ে উত্তীর্ণ প্রার্থী ভর্তির জন্য আবেদন করতে পারবে। তাদের IGCSE/O Level এবং IAI/GCE A Level মোট ০৭ (সাত) টি বিষয়ের মধ্যে যথাক্রমে ০৪ (চার) টি বিষয়ে কমপক্ষে B Grade ও ০৩ (তিন) টি বিষয়ে কমপক্ষে C Grade থাকতে হবে।

১.৪ চারুকলা ইনস্টিটিউটের ডিসিপ্লিনসমূহে ভর্তির জন্য ২০১৭ অথবা ২০১৮ সালে বিএফএ প্রি-ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ ১ম শ্রেণি অথবা জিপিএ ৩.২৫ প্রাপ্ত প্রার্থীরা আবেদন করতে পারবে।

১.৫ **IGCSE/O Level এবং IAI/ GCE A Level এবং বিএফএ প্রি-ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের করণীয়:** ভর্তিচ্ছু প্রার্থী B ইউনিটের ভর্তি পরীক্ষা কমিটির সভাপতি বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র ১৫/১০/২০১৮ তারিখ বিকেল ৫:০০ টার মধ্যে ডাকযোগে অথবা সরাসরি B ইউনিটের ভর্তি কার্যালয়ে (কক্ষ নম্বর- ৩২৭৬, কবি জীবনানন্দ দাশ একাডেমিক ভবন, খুলনা বিশ্ববিদ্যালয়) জমা দিতে পারবে। সংশ্লিষ্ট পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি এবং ভর্তি পরীক্ষার নির্ধারিত আবেদন ফি ৯০০/- (নয়শত টাকা) সভাপতি, ভর্তি কমিটি, B ইউনিট বরাবর অগ্রণী ব্যাংক, খুলনা বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।

২. পরীক্ষাবিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনা :

২.১ ভর্তিপরীক্ষা বহুনির্বাচনী প্রশ্ন (MCQ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। পরীক্ষায় ১২০ (একশত বিশ) টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মান ০১। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। ভর্তিপরীক্ষার প্রশ্নপত্রের বিষয় ও মানবণ্টন নিম্নরূপ:

বিষয়	নম্বর	সময়
বাংলা	৩০	০১ ঘন্টা ৩০ মিনিট
ইংরেজি	৫০	
সাধারণ জ্ঞান	৪০	
সর্বমোট	**১২০**	

২.২ চারুকলা ইনস্টিটিউট-এ ভর্তিচ্ছুদের জন্য ড্রইং এবং ডিজাইন বিষয়ে অতিরিক্ত ৩০ মিনিটের একটি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

২.৩ ভর্তিপরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর মধ্য থেকে ভর্তিপরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধাক্রমানুসারে সাধারণ আসনে ভর্তি করা হবে। প্রার্থীকে ভর্তিকমিটি কর্তৃক বিষয়ভিত্তিক নির্ধারিত ন্যূনতম নম্বর পেতে হবে। সংরক্ষিত আসনের প্রার্থীর ভর্তিপরীক্ষায় ন্যূনতম নম্বর প্রাপ্তিসাপেক্ষে মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে। উক্ত তালিকাসমূহ খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ (www.ku.ac.bd) এবং B ইউনিটভুক্ত সকল স্কুলের ডিন/ইনস্টিটিউট-এর পরিচালকের অফিসের নোটিশবোর্ডে প্রকাশিত হবে।

৩. ভর্তিসংক্রান্ত তারিখ ও সময়সূচি:

ক্রমিক নম্বর	বিবরণ	তারিখ	সময়সূচি
৩.১	আবেদন শুরুর তারিখ	১৫/০৯/২০১৮	
৩.২	আবেদনের শেষ তারিখ	১৫/১০/২০১৮	
৩.৩	যোগ্যপ্রার্থীর নামের তালিকা প্রকাশ	১৮/১০/২০১৮	

৩.৪	ভর্তিপরীক্ষা	১৭/১১/২০১৮	দুপুর ১২:০০ টা-১:৩০ টা শুধু চারুকলা ইনস্টিটিউট-এর প্রার্থীর জন্য দুপুর ১২:০০টা-২:০০টা
৩.৫	উত্তীর্ণ প্রার্থীর তালিকা প্রকাশ	২২/১১/২০১৮	
৩.৬	ওয়েবসাইট-এ ডিসিপ্লিন পছন্দক্রম ফর্ম পূরণ*	২৩/১১/২০১৮ হতে ২৭/১১/২০১৮	
৩.৭	মেধাক্রম প্রকাশ	২৯/১১/২০১৮	
৩.৮	মেধা তালিকা থেকে ভর্তি	০৬/১২/২০১৮	সকাল ৯:৩০ টা-৫:০০টা
৩.৯	অপেক্ষমাণ তালিকা থেকে নিবন্ধন	১২/১২/২০১৮	সকাল ৯:৩০টা-১২:০০টা
৩.১০	অপেক্ষমাণ তালিকা থেকে নিবন্ধিত প্রার্থীর ভর্তি	১২/১২/২০১৮	দুপুর ১২:৩০টা-৪:০০টা
৩.১১	শিক্ষাকার্যক্রম শুরু	০১/০১/২০১৯	

* খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ <www.ku.ac.bd> উত্তীর্ণ প্রার্থীর তালিকা প্রকাশের পর প্রার্থীকে রোলনম্বর অনুযায়ী ডিসিপ্লিনের পছন্দক্রম জানাতে হবে। এক্ষেত্রে প্রার্থী তার রোলনম্বরের পাশে উল্লিখিত ডিসিপ্লিন থেকে পছন্দক্রম সাজিয়ে নির্দিষ্ট ঘর পূরণ করবে।

৪. প্রবেশপত্র সংগ্রহ:

যোগ্যপ্রার্থীর তালিকা প্রকাশের পর সকল পরীক্ষার্থীকে অবশ্যই <www.ku.ac.bd> এবং kuadmission.online থেকে User Name ও Password ব্যবহার করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। ভর্তিপরীক্ষার দিন প্রার্থীকে অবশ্যই প্রবেশপত্রের ০২ (দুই) টি কপি সঙ্গে আনতে হবে। প্রবেশপত্রের উল্টোপিঠে প্রার্থীকে নিজ হাতে নাম, ঠিকানা ও মোবাইল ফোন নম্বর অবশ্যই লিখতে হবে। প্রবেশপত্রের একটি পরীক্ষার সময় পরীক্ষার্থী ইনভিজিলেটরকে প্রদান করবে এবং আর একটি নিজ দায়িত্বে সংরক্ষণ করবে; যা ভর্তির সময় সঙ্গে আনতে হবে। সরাসরি আবেদনকারী প্রার্থীকে B ইউনিটের ভর্তি কার্যালয় (কক্ষ নম্বর- ৩২৭৬, কবি জীবনানন্দ দাশ একাডেমিক ভবন, খুলনা বিশ্ববিদ্যালয়) থেকে নিজ উদ্যোগে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

৫. ভর্তির নিয়মাবলী :

৫.১ একজন প্রার্থী একই সাথে সাধারণ আসন এবং সংরক্ষিত আসনের মেধা তালিকায় থাকলে সে যে তালিকায় বিবেচিত হতে চায়, তা সনদপত্র যাচাইয়ের সময় নির্ধারিত ফর্ম পূরণপূর্বক উল্লেখ করতে হবে।

৫.২ সংরক্ষিত আসনে নির্বাচিত প্রার্থীর সংশ্লিষ্ট সনদপত্র যাচাইসাপেক্ষে ভর্তি করা হবে। সরকারি প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযোদ্ধার পোষ্য নির্ধারিত হবে।

৫.৩ সংরক্ষিত আসনে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সাধারণ আসনের মেধাক্রমানুযায়ী আসন পূরণ করা হবে। উল্লেখ্য, সংরক্ষিত বিকেএসপির আসনে কোনো শিক্ষার্থী পাওয়া না গেলে তা মেধাক্রম থেকে পূরণ করা হবে না।

৫.৪ মেধা তালিকায় অন্তর্ভুক্ত প্রার্থীকে ০৬/১২/২০১৮ তারিখ সকাল ৯:৩০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে। নির্বাচিত কোনো প্রার্থী নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার ভর্তির সুযোগ বাতিল হবে। মেধা তালিকা থেকে প্রার্থী ভর্তির পর কোনো আসন শূন্য থাকলে, সেই আসনে অপেক্ষমাণ তালিকা থেকে প্রার্থী ভর্তি করা হবে।

৫.৫ অপেক্ষমাণ তালিকার প্রার্থীর ভর্তির জন্য ১২/১২/২০১৮ তারিখ সকাল ৯:৩০টা হতে দুপুর ১২:০০টা পর্যন্ত উপস্থিতি নিবন্ধন করা হবে এবং দুপুর ১২:৩০টা থেকে বিকেল ৪:০০টা পর্যন্ত নিবন্ধনকৃত প্রার্থীর মধ্য থেকে মেধাক্রমানুযায়ী ভর্তি করা হবে।

৫.৬ শিক্ষাকার্যক্রম শুরুর ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন করতে হবে। বিলম্ব ফি দিয়ে পরবর্তী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে কোর্স রেজিস্ট্রেশন করা যাবে।

৫.৭ ভর্তিকমিটির সভাপতি কর্তৃক মনোনীত ব্যক্তির নিকট ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীর সত্যতা যাচাইয়ের উদ্দেশ্যে মূল ট্রান্সক্রিপ্ট/মার্কশিট ও সার্টিফিকেট ভর্তির দিন অবশ্যই জমা দিতে হবে।

৫.৮ কোনো প্রার্থী নির্ধারিত তারিখের মধ্যে কোর্স রেজিস্ট্রেশনে ব্যর্থ হলে স্বনিয়ন্ত্রিতভাবে তার ভর্তি বাতিল হবে।

৬. স্বাস্থ্যপরীক্ষা:

ভর্তিপরীক্ষায় নির্বাচিত প্রার্থীর ভর্তির দিন স্বাস্থ্যপরীক্ষা করা হবে না। তবে, পরবর্তীতে খুলনা বিশ্ববিদ্যালয়ের মনোনীত চিকিৎসক এক মাসের মধ্যে ডিসিপ্লিন অনুসারে নির্বাচিত প্রার্থীর স্বাস্থ্যপরীক্ষা করবেন। পরীক্ষায় যদি কোনো প্রকারের শারীরিক বা মানসিক অক্ষমতা ধরা পড়ে, যার ফলে প্রার্থীর পক্ষে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকার্যক্রমে অংশগ্রহণ করা অসুবিধা হতে পারে বলে চিকিৎসক মনে করেন, তাহলে তার ভর্তি বাতিল হবে। তবে নিরাময়যোগ্য ত্রুটির ক্ষেত্রে ১০(দশ) দিনের মধ্যে পুনরায় স্বাস্থ্যপরীক্ষার মাধ্যমে প্রার্থীকে যোগ্য বলে বিবেচিত হতে হবে।

৭. বিশেষ দ্রষ্টব্য:

৭.১ ভর্তিপরীক্ষায় অংশগ্রহণের জন্য খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট-এ <www.ku.ac.bd> এবং kuadmission.online এর মাধ্যমে আবেদনপূর্বক প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।

৭.২ ভর্তিপরীক্ষায় যোগ্যপ্রার্থীর তালিকা খুলনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এ (www.ku.ac.bd) এবং B ইউনিটভুক্ত সকল স্কুলের ডিন/ইনস্টিটিউট-এর পরিচালকের অফিসের নোটিশবোর্ডে প্রকাশিত হবে।

৭.৩ ভর্তিসংক্রান্ত বিষয়ে অতিরিক্ত তথ্যের জন্য খুলনা বিশ্ববিদ্যালয়ের B ইউনিটের ভর্তি কার্যালয়ে (কক্ষ নম্বর-৩২৭৬, কবি জীবনানন্দ দাশ একাডেমিক ভবন) সরাসরি সকাল ১০:০০টা থেকে বিকাল ৫:০০টা পর্যন্ত যোগাযোগ করা যেতে পারে অথবা নিম্নে উল্লিখিত মোবাইল ফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে: ০১৭৭৭-২৩৩৪৪০ / ০১৫৩১-৮৪৩২৬২

৭.৪ বিশ্ববিদ্যালয়ের হলে স্থানাভাবের কারণে নতুন ভর্তিকৃত শিক্ষার্থীর হলে আবাসনের নিশ্চয়তা দেয়া সম্ভব নয়।

৭.৫ ভর্তিবিষয়ক যেকোনো নিয়ম-কানুন পরিবর্তন কিংবা পরিবর্ধনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(প্রফেসর ড. মো. ওয়ালিউল হাসানাত)
সভাপতি,
B ইউনিট স্নাতক/স্নাতক (সম্মান) ভর্তি-কমিটি ২০১৮-২০১৯
ও
ডিন, আইন স্কুল
খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা–৯২০৮